জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র : ১৬(৬৯৯) জাতী: বি:/অন-ক্যাম্পাস মাস্টার্স/ভর্তি/২০১৪/১/২১৭৬ তারিখ: ২৮/০৩/২০১৯

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে Master of Advanced Studies (MAS) ও Advanced MBA (এম ফিল সমমান) প্রোগ্রামে

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অন-ক্যাম্পাস মাস্টার অব এডভান্সড স্টাডিজ (MAS) ও Advanced MBA **প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ**

প্রোগ্রামের নাম	গ্রুপ	বিষয়
MAS	আর্টস	বাংলা, ইতিহাস
	সোশ্যাল সায়েন্স	সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স
	ন্যাচারাল সায়েন্স	কম্পিউটার সায়েন্স, পরিসংখ্যান, রসায়ন
Advanced MBA	বিজনেস স্টাডিজ	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

১. **ভর্তির যোগ্যতা**

ক. MAS ও Advanced MBA প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। তবে ৩ বছর মেয়াদী অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারী কলেজ শিক্ষকগণ MAS ও Advanced MBA প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। সমমানের পরীক্ষায় পাশ করা দেশ-বিদেশের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে ভর্তি হতে পারবে।

শিক্ষা জীবনে এস এস সি থেকে স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত অন্তত ১ টি প্রথম বিভাগ/ শ্রেণি ও অপর দু'টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি থাকতে হবে। তবে ৩ বছর মেয়াদী অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারীদের ক্ষেত্রে এস এস সি থেকে মাস্টার্স ডিগ্রি পর্যন্ত একটি প্রথম বিভাগ/ শ্রেণি থাকলে তারাও ভর্তির যোগ্য হবেন। ***বিজনেস স্টাডিজ গ্রুপের*** ক্ষেত্রে আবেদনকারীগণ তাদের স্নাতক (সম্মান) পর্যায়ের মেজর বিষয়ে Advanced MBA প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে। ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিষয়ে ভর্তির ক্ষেত্রে মার্কেটিং এবং ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিধারীগণও আবেদন করতে পারবে। ***নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স*** বিষয়ে আবেদনের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় /বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ফুড এন্ড নিউট্রিশন/নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স/ফুড সায়েন্স এন্ড টেকনোলজি/ পাবলিক হেলথ নিউট্রিশন /কমিউনিটি নিউট্রিশন/ গার্হস্থ্য অর্থনীতি/রসায়ন/প্রাণ রসায়ন/ অনুজীব বিজ্ঞান/ প্রাণিবিজ্ঞান/ উদ্ভিদ বিজ্ঞান/ ফার্মেসী/ মৃত্তিকা বিজ্ঞান এ ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রি থাকতে হবে। তবে ৩ বছর মেয়াদী অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারী অভিজ্ঞ কলেজ শিক্ষকগণ MAS প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। অথবা এম বি বি এস /বি ডি এস ডিগ্রি থাকতে হবে।

২. **প্রোগ্রামের মেয়াদ**

সেমিস্টার পদ্ধতিতে থিসিসসহ অন-ক্যাম্পাস MAS ও Advanced MBA প্রোগ্রাম এর মেয়াদ হবে ১ বছর ৬ মাস যা ৩ সেমিস্টারে বিভক্ত।

৩. **ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী**

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষকদের মধ্যে যারা MAS ও Advanced MBA প্রোগ্রামে ভর্তি হবেন তাদের প্রথম সেমিস্টার পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (৪ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্তদের) প্রতি বিষয়ে ৩ (তিন) জনকে মাসিক নির্ধারিত হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে। কলেজ শিক্ষক ব্যতীত সাধারণ শিক্ষার্থীদের মধ্যে যারা প্রথম সেমিস্টার পরীক্ষায় ৪ স্কেলে জিপিএ ৩.৭ প্রাপ্ত হবেন তারাও বৃত্তির জন্য বিবেচিত হবেন। এক্ষেত্রে প্রতি বিষয়ে অনধিক ১ জনকে মাসিক নির্ধারিত হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

(এম এ এস/এডভান্সড এম বি এ প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীগণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নীতিমালা অনুযায়ী ভাইস-চ্যান্সেলর এওয়ার্ড পাবেন।)

৪. **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড**

ক. আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের.(**www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions**) **Master's Tab** এ গিয়ে **Apply Now (NU On - Campus MAS/ Advanced MBA)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট **স্নাতক** (সম্মান)/ বিবিএ (সম্মান)/ বিকম (সম্মান) পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে সোনালী সেবার পে-

স্লিপ Print করে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

গ. প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে।

এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/ অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg, maximum file size:50Kb.**

৫. পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড

ক. পে-স্লিপ **Print** করে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে।** এ পর্যায়ে প্রার্থী তার পে-স্লিপে উল্লিখিত রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login (NU On - Campus MAS/ Advanced MBA)** অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে। **উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার ৪৮ ঘন্টার মধ্যে কোন প্রার্থী SMS না পেলে সংশ্লিষ্ট গ্রুপের চেয়ারম্যানকে জানাতে হবে।**

খ. **প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

আবেদন ফরম পেতে নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন ঃ



গ. প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant's Login (NU On - Campus MAS/ Advanced MBA)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, সোনালী সেবার মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিক আবেদন ফরমের যে কোন ত্রুটি সংশোধন করা যাবে।

৬. লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকার সম্পর্কিত করণীয়

ক. MAS ও Advanced MBA ভর্তি পরীক্ষা নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

খ. লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত তারিখে আবেদনকারীকে সোনালী সেবার মাধ্যমে ফি জমাদানের মূল রশিদের ফটোকপি, স্বাক্ষরকৃত আবেদন ফরম, সকল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যান দপ্তরে জমা দিতে হবে।

গ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীকে সাক্ষাৎকারের দিন সকল সনদ ও নম্বরপত্রের মূলকপি, সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি জমা রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমসহ সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যান এর দপ্তরে উপস্থিত হতে হবে।

ঘ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গ্রুপ চেয়ারম্যানের দপ্তরে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৭.	প্রাথমিক আবেদন ও ভর্তির সিডিউল		
	ক.	অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ ঃ	০৭/০৪/২০১৯ থেকে ০২/০৫/২০১৯
	খ.	সোনালী সেবার টাকা জমাদান ঃ প্রার্থী প্রতি ১০০০/- (একহাজার) টাকা হারে Pay Slip এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **02181100002701** (এমফিল/পিএইচডি খাত) উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে।	০৭/০৪/২০১৯ থেকে ০৬/০৫/২০১৯
	গ.	লিখিত পরীক্ষার তারিখ ঃ (ভেন্যু: একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪)	১৩/০৫/২০১৯ (বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত)
	ঘ.	লিখিত পরীক্ষার ফল প্রকাশ ঃ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে)	২১/০৫/২০১৯
	ঙ.	লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ঃ স্থান ঃ একাডেমিক ভবন, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪	১৬/০৬/২০১৯ (বেলা ১১ টা থেকে ১২ টা।)
	চ.	চূড়ান্ত ভর্তির ফল প্রকাশ ঃ	১৯/০৬/২০১৯
	ছ.	পে স্লিপ ডাউন লোড ও ভর্তির তারিখ ঃ	২০/০৬/২০১৯ থেকে ২৭/০৬/২০১৯
	জ.	ক্লাশ শুরুর তারিখ ঃ (জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে)	০১/০৭/২০১৯

৮. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্রঃ ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** –এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির চেয়ারম্যানের সাথে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যাবে। আর্টস গ্রুপ- ০১৭১৫১৩৮৬২৫; সোশ্যাল সায়েন্স গ্রুপ -০১৯১১০১০১৩০; ন্যাচারাল সায়েন্স গ্রুপ-০১৭৪২-৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ-০১৭১২-০৭৬২৮০ এবং বিজনেস স্টাডিজ গ্রুপ- ০১৭৪২-৮৪৬৪১৪ ; ০১৯৮২৬৯৯৭৮১।

স্বা:/
(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

সূত্র : ১৬(৬৯৯) জাতী: বি:/ অন-ক্যাম্পাস মাস্টার্স/ ভর্তি/ ২০১৪/১/২১৭৬ তারিখ : ২৮/০৩ /২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৪. সকল বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় [বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ এবং অন লাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।
৮. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। [বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
৯. সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলরদ্বয় এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলরদ্বয় এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. অফিস কপি / নোটিশ বোর্ড

(মোঃ শহীদুর রহমান)
উপ-রেজিস্ট্রার
এম ফিল, পিএইচ ডি ও অন-ক্যাম্পাস মাস্টার্স প্রোগ্রাম
মোবাইল : ০১৭৯৬২৮৪৫৯৭